

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | রাজনীতি | 25 June, 2025

বিএনপির যুগ্ম মহাসচিব সৈয়দ এমরান সালেহ প্রিন্স বলেছেন, যারা বলে তারা ছাড় দিলে বিএনপি ৫০/১০০ আসন পেতে পারে, তাদের উদ্দেশ্যে বলি স্বপ্নে ঘি খেলে বদহজম হবে। বিএনপিকে যারা অহেতুক অবমূল্যায়ন করতে চান জনগণ তাদের সমুচিত জবাব দেবে।

এক কাউন্সিল পালিয়ে, নতুন কাউন্সিলের আবির্ভাব হয়েছে। কতিপয় দলের নেতার কণ্ঠে আওয়ামী লীগ নেতাদের বয়ান শোনা যাচ্ছে। নিরপেক্ষ নির্বাচনে বিজয়ী বিএনপি সবাইকে নিয়েই দেশ পরিচালনা করতে চায়।

বুধবার (২৫ জুন) সন্ধ্যায় ময়মনসিংহের হালুয়াঘাট উপজেলার গাজিরভিটা ইউনিয়নের সূর্যপুর দাখিল মাদরাসা মাঠে বিএনপির কর্মী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, বিগত ১৫ বছর আওয়ামী লীগের প্রহসনের নির্বাচনের পার্টনার হয়ে পতিত ফ্যাসিবাদকে বাতাস দিতে একটি দল বিএনপির বিরুদ্ধে অসংলগ্ন বক্তব্য দিচ্ছে। অপর একটি দল এতোদিন বিএনপির ছত্রছায়ায় রাজনীতি করলেও এখন ক্ষমতার লোভে তারাও আকাশ কুসুম কল্পনায় বিভোর।

তিনি বলেন, আগামী নিরপেক্ষ নির্বাচনে জনগণের ম্যানডেট নিয়ে বিএনপি রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিবে। সরকার গঠন করে জন আকাঙ্ক্ষা ও জনগণের কাছে প্রদত্ত অঙ্গীকার বাস্তবায়নে বিএনপিকে কাজ করতে হবে। এজন্য প্রয়োজন সৎ ত্যাগী, নিষ্ঠাবান ও নিবেদিতপ্রাণ কর্মী।

সেই লক্ষে সকলকে প্রস্তুতি গ্রহণের আহ্বান জানিয়ে বিএনপির এই যুগ্ম মহাসচিব বলেন, বিএনপির প্রতি জনগণের প্রত্যাশা অনেক এবং একই সাথে বিএনপির দায় দায়িত্বও অনেক। রয়েছে অনেক চ্যালেঞ্জ এবং শঙ্কাও। নির্বাচনে বিজয়ী হয়ে জনপ্রিয়তা ধরে রেখে জনপ্রত্যাশা ও অঙ্গীকার বাস্তবায়ন করতে সকলকে প্রস্তুত থাকতে হবে।

নেতাকর্মীদের গায়ে কলঙ্কের কালি যেনো না লাগে এবং কেউ যাতে বিএনপির বিরুদ্ধে অপপ্রচার না করতে পারে সে দিকে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান বিএনপির এই যুগ্ম মহাসচিব।

তিনি ত্যাগ ও নিঃস্বার্থ জনসেবার মানসিকতা নিয়ে নেতাকর্মীদের রাজনীতি করার আহ্বান জানিয়ে জনগণের মন জয় করতে হবে, জনগণের আস্থা ও সমর্থন অক্ষুণ্ণ রেখে কাজ করতে হবে। ঘরে ঘরে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানের সালাম পৌঁছে দিয়ে ধানের শীষের পক্ষে প্রচারণা শুরু করতে হবে।

হালুয়াঘাট উপজেলা বিএনপির আহ্বায়ক আসলাম মিয়া বাবুলে সভাপতিত্বে কর্মী সমাবেশে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক আমজাদ আলী, আলী আশরাফ, পৌর বিএনপির যুগ্ম আহ্বায়ক আলমগীর আলম বিপ্লব, উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান মিজান, মোনায়েম হোসেন খান, উপজেলা বিএনপি নেতা কসিম উদ্দিন জোয়ারদার, রফিকুল

ইসলাম, ওসমান জোয়ারদার, সুলতান উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম, সুরঞ্জামান সাগরসহ প্রমুখ।

বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 04:40

URL: <https://timestodaybd.com/politics/3717775807>